## আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) নারী সবলীকরণের লক্ষ্যে আসামকে একটি আদর্শ রাজ্য হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা হিসেবে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার আজ আত্মসহায়ক গোষ্ঠীর ১৭ হাজার ৬৮০ জন সদস্যাদের মধ্যে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে চেক বিতরণ ।

২) রাজ্য সরকারের কর্মচারীদের জন্য শূণ্য ব্যয় বীমা প্রকল্পের সূচনা ।

৩) গৌহাটীতে আজ ৫ টি বিরোধী দলের বৈঠক ।

এবং

৪) সমগ্র দেশে আজ লোকসেবা সম্প্রচার দিবস পালন ।

----------------------------------------------------------------------------------------

নারী সবলীকরণের লক্ষ্যে আসামকে একটি আদর্শ রাজ্য হিসেবে গড়ে তোলার প্রচেষ্টা হিসেবে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ খানাপারায় আয়োজিত এক সভায় আত্মসহায়ক গোষ্ঠীর ১৭ হাজার ৬৮০ জন সদস্যাদের মধ্যে মূখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে চেক বিতরণ করেন । মূখ্যমন্ত্রী ড.শর্মা তাঁর ভাষণে বলেন যে মহিলাদের আর্থিকভাবে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে এই প্রকল্প রূপায়ন করা হয়েছে ।

----------------------------------------------------------------------------------------

রাজ্য সরকারের কর্মচারীদের জন্য শূণ্য ব্যয় বীমা প্রকল্পের সূচনা করা হয়েছে ।
মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ বিকেলে দিসপুরের লোকসেবা ভবনে এই প্রকল্পের সূচনা করেন । এই প্রকল্পের অধীনে গত পয়লা জানুয়ারী থেকে মৃত

কর্মচারীর পরিবারকে অর্থ প্রদান করা হবে । প্রকল্পের অধীনে সর্বাধিক ১ কোটি টাকার ব্যাক্তিগত দূর্ঘটনাজনিত বীমা এবং ন্যূনতম ২ কোটি টাকার বিমান দূর্ঘটনাজনিত বীমা প্রদান করা হবে । একইভাবে সর্বাধিক ১ কোটি টাকার সম্পূর্ন দিব্যাঙ্গ বীমা এবং ৮০ লক্ষ টাকার এর চেয়ে কম দৈহিকভাবে অক্ষমদের বীমা সুবিধা প্রদান করা হবে । এছাড়া এই প্রকল্পের অধীনে ন্যূনতম ১০ লক্ষ টাকার মেয়াদী জীবন বীমার সুবিধা প্রদান করা হবে । রাজ্যের ঠিকাভিত্তিক এবং পি এস ইউ কর্মচারীদেরও এই প্রকল্পে অর্ন্তভুক্ত করা হবে ।

---------------------------------------------------------------------------------------------

জনজাতি গৌরব বর্ষ পক্ষ পালনের সংগে সংগতি রেখে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা আজ সোণাপুরের পাতর কুসিতে নবনির্মিত সোণোয়াল ভবন উদ্ভোধন করেন ।সমতল জনজাতি পরিক্রমা বিভাগের অধীনে সণোয়াল কছারী শ্বশাসিত পরিষদ ৭ কোটি ৩ লক্ষ টাকা ব্যয় সাপেক্ষে এই ভবনটি নির্মাণ করেছে ।এই ভবনটি সোণোয়াল কছারি সমাজের ভাষা , সাহিত্য , সংস্কৃত সহ সামগ্রীক কল্যাণ সাধনের জন্য ব্যবহ্রত হবে । এই ভবনটি জনগোষ্ঠীর লোক তথা ছাত্র ছাত্রীদের বিশেষ করে উপকৃত করবে বলে আশা করা হচ্ছে । আজকের অনুষ্ঠানে সমতল জনজাতি মন্ত্রী ডাঃ রণোজ পেগু , সোণোয়াল কছারী শ্বসাসিত পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য টংকেশ্বর সণোয়াল সহ পরিষদের অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যের পাঁচটি বিরোধী দল ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে একমত প্রকাশ করেছে । আজ দিসপুরে আসাম বিধানসভার কংগ্রেস বিধায়িনী কক্ষে অনুষ্ঠিত এক বৈঠকে ২০২৬ সালের আসাম বিধানসভা নির্বাচনে ক্ষমতাসীন বিজেপি দলকে প্রত্যাহ্বান জানানোর জন্য ঐক্যবদ্ধ বিরোধী মঞ্চ গঠনের সম্ভাবনীয়তা সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করা হয় । আমাদের গৌহাটীর সংবাদদাতা হেমন্ত কুমার বরা জানিয়েছেন যে এই সভায় কংগ্রেস দলের প্রবীন নেতা জিতেন্দ্র সিং , প্রদেশ কংগ্রেসের সভাপতি গৌরব গগৈ , বিধানসভার বিরোধী দলের সভাপতি দেবব্রত শইকীয়া , সাংসদ রকিবুল হুসেইন ও প্রদ্যুৎ বরদলৈ অংশ গ্রহণ করেন । এছাড়া রাইজর দলের হয়ে অখিল গগৈ , আঞ্চলিক গণ মোর্চার হয়ে সাংসদ অজিত কুমার ভূইয়া , অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিন জ্যোতি গগৈ সহ অন্যান্য দলের নেতারা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------------

রাজ্যে স্বচ্ছ ও মেধাভিত্তিক নিযুক্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আগামীকাল শিক্ষা বিভাগে ৮ হাজারের ও বেশী প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করা হবে । খানাপারার পশু

চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আগামীকাল বিকেলে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা ও শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু উপস্থিত থাকবেন । অনুষ্ঠানে উচ্চ শিক্ষা সঞ্চালকালয়ের অধীনে ২৫২ জন সহকারী অধ্যাপককে নিযুক্তপত্র বিতরণ ছাড়া ও ৬২ জন তৃতীয় শ্রেনীর কর্মচারীকে নিযুক্তিপত্র প্রদান করা হবে । একইভাবে মাধ্যমিক সঞ্চালকালয়ের অধীন ১ হাজার ২৭৫ জন স্নাতকোত্তর শিক্ষক ও ৬ হাজার ৫২২ জন স্নাতক শিক্ষককে নিযুক্তি পত্র প্রদান করা হবে । রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পর্ষদ সঞ্চালকালয়ের অধীন জেলা শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২৮ জন শিক্ষক ও রাজ্য শিক্ষা গবেষণা প্রশিক্ষণ পর্ষদে ৮ জন সহকারী সঞ্চালককে নিযুক্তি পত্র প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------

কৃষি মন্ত্রী অতুল বরা আজ নতুনদিল্লীতে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের সংগে দেখা করে রাজ্যে রুপায়িত হয়ে থাকা কেন্দ্রীয় প্রকল্পগুলির অগ্রগতি সম্পর্কে মন্ত্রীকে অবগত করেন । তিনি রাজ্যের কৃষকদের জীবন ধারণের মান উন্নত করে আসামের কৃষিভিত্তিক অর্থনীতি সুদৃঢ় করার ক্ষেত্রে এই প্রকল্পগুলি কিভাবে সহায়তা করছে সে বিষয়ে আলোচনা করেন । এই আলোচনায় রাজ্যের কৃষি ক্ষেত্রের সর্বাংগীন বিকাশ ও কৃষকদের উপার্জন বৃদ্ধির পথ প্রশস্ত করা সম্পর্কে আলোচনা করা হয় । শ্রী বরা আসাম সহ দেশের কৃষি ক্ষেত্রের আমূল পরিবর্তনের ক্ষেত্রে মন্ত্রীর গ্রহণ করা ভূমিকার প্রশংসা করা ছাড়া ও ভবিষ্যতে রাজ্যকে আরো সহযোগীতা করা হবে বলে আশা প্রকাশ করেন । তিনি রাজ্যের কৃষক সমাজের সামগ্রিক কল্যাণ ও মর্যাদাপূর্ন জীবন সুনিশ্চিত করার জন্য বদ্ধপরিকর বলে উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------

মিজোরাম রাজ্যে যান বাহন ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রদর্শন করা অতুলনীয় সাফল্যের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্র নির্মাণ ও নগর পরিক্রমা মন্ত্রনালয়ের অধীনে শহরাঞ্চল পরিবহন বিভাগের দ্বারা বিশেষ পুরষ্কার লাভ করেছে ।হারিয়ানার গুরুগ্রামে অনুষ্ঠিত অষ্টাদশ আরবান মবিলিটি ইন্ডিয়া সম্মেলনে মিজোরাকে গতকাল এই পুরষ্কারে সম্মানিত করা হয় । মিজোরামের নগর উন্নয়ন ও দারিদ্রতা দূরীকরণ বিভাগের সচিব লালমালসাউমা পাসোয়া এই পুরষ্কার গ্রহণ করেন । এই অনুষ্ঠানে কেন্দ্রীয় নগর পরিক্রমা ও গৃহ নির্মাণ মন্ত্রী মনোহর লাল ও বিভাগের প্রতিমন্ত্রী তোখন সাহু উপস্থিত ছিলেন । উল্লেখ্য প্রতিবছর মন্ত্রনালয়ের আয়োজন করা এই সম্মেলনে দেশের বিভিন্ন রাজ্যের মহানরগুলিতে উদ্ভাবনমূলক , বহনক্ষম , ও সুশৃংখল পরিবহনের জন্য উৎসাহিত করার প্রয়াস করা হয় ।এই পুরষ্কার লাভের জন্য মিজোরামের মহানগর

পরিকল্পনা বিভাগ বিশেষ নির্বাচনী সমিতর সামনে রাজ্যের পরিবহন ব্যবস্থাকে উপস্থাপন করেছিল । গত ১৬ ই আক্টোবর ভিডিও ও পাওয়ার পয়েন্টের মাধ্যমে এই ব্যবস্থা উপস্থাপন করা হয়েছিল ।এর দ্বারা রাজ্যের পরিবহনের নীতি নির্দেশনা ও জনসাধারণের পথে চলাচলের ক্ষেত্রে সুঅভ্যাসগুলি তুলে ধরা হয়েছিল । মিজোরাম সরকার এই সম্মান রাজ্যের জনসাধারণের জন্য উৎসর্গ করেছে ।

-----------------------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ লোকসেবা সম্প্রচার দিবস পালন করা হয়েছে । ১৯৪৭ সালে আজকের দিনেই মহাত্মা গান্ধী আকাশবাণী দিল্লীর স্টুডিওতে গিয়েছিলেন । এটিই ছিলো কোনো রেডিও স্টেশনে মহাত্মা গান্ধীর প্রথম ও শেষ পদার্পণ । ২০০০ সালে তৎকালীন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী সুষমা স্বরাজ এই বিশেষ দিনটিকে লোকসেবা সম্প্রচার দিবস হিসেবে পালনের কথা ঘোষনা করেছিলেন । তখন থেকেই এই দিনটির স্মরণে প্রতিবছর ১২ নভেম্বর দেশে লোকসেবা সম্প্রচার দিবস পালন করা হয় ।

নতুন দিল্লীর আকাশবাণী ভবনে আজ এই দিবস পালন করা হয়েছে । প্রসার ভারতীর চেয়ারম্যান নভনীত কুমার সেহগল এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । বাপু স্টুডিওতে আয়োজিত অনুষ্ঠানে বিভিন্ন শিল্পীরা মহাত্মা গান্ধীর পছন্দের ভক্তিমূলক সঙ্গীত পরিবেশন করেন ।

-----------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা আজ বিশ্ব নিউমোনিয়া দিবস উপলক্ষ্যে প্রতিটি শিশুকে এই রোগ থেকে সুরক্ষা প্রদান করার প্রতি সরকারের প্রতিশ্রুতিবদ্ধতার কথা স্মরণ করেন । শ্রী নাড্ডা সামাজিক মাধ্যমে বলেন যে সরকার শক্তিশালী স্বাস্থ্য ব্যবস্থা এবং সামাজিক সচেতনতার মাধ্যমে শিশুর মধ্যে নিউমোনিয়া রোগের প্রাদুর্ভাব রোধ করার জন্য সামাজিক সচেতনতা ও নিউমোনিয়া রোগ সফলভাবে নিয়ন্ত্রণ করার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে । এই অভিযানে নিউমোনিয়া নেহী তো বচপন সে হী বার্তা এই রোগ নিয়ন্ত্রণ এবং সময়মতো রোগীদের যত্নের উদ্দেশ্যে সামগ্রিক ব্যাবস্থা গ্রহণের জন্য অনুপ্রেরণা যুগিয়ে আসছে ।

-----------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে ভগবান বিরসা মুন্ডার ১৫০তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে আজ রাজাবাজার উন্নয়ন খন্ডের অধীন জয়পুর উপজাতি গ্রামে স্বচ্ছতা অভিযান ,বৃক্ষরোপন ও আর্থিক সাক্ষরতা কার্য্যসূচী পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকালে জয়পুর চর্তুথ খন্ডের শিবস্থান কমিউনিটি হলে আয়োজিত অনুষ্টানে ভগবান বিরসা

মুন্ডার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । পরে আর্থিক সাক্ষরতা অভিযান উপলক্ষ্যে আয়োজিত সভায় ব্যাঙ্ক আধিকারীক প্রধানমন্ত্রী জনধন একাউন্ট , ডিজিটেল ইন্ডিয়া কার্যসূচী , নগদহীন লেন নিয়ে এবং জেলা মৎস্য আধিকারীক প্রধানমন্ত্রী মৎস্য যোজনা সম্পদ নিয়ে আলোচনা করেন ।

পরে স্বচ্ছতা অভিযান ও বৃক্ষ রোপন কার্য্যসূচীতে সহকারী আয়ুক্ত , খন্ড উন্নয়ন আধিকারীক , পঞ্চায়েত প্রতিনিধি এবং স্থানীয় জনগন অংশগ্রহন করেন ।

---

শ্রীভূমি জেলা সমাজ কল্যান আধিকারীকের কার্যালয়ে পুরোপুরি ঠিকা ভিত্তিতে একজন মাল্টি টাস্কিং ওয়ার্কার নিয়োগের জন্য গত ২০ সেপ্টেম্বর এক বিজ্ঞপ্তী জারী করা হয়েছিল । ওই পদে প্রার্থী বাছাই করতে আগামী ২৭শে নভেম্বর সকাল ১০টায় শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে ওয়াক ইন ইন্টারভিউ অনুষ্ঠিত হবে । যোগ্য প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার মূল প্রমান পত্র ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র নিয়ে সকাল ৯টায় উপস্থিত থাকতে বলা হয়েছে ।

---

দিল্লীর সাম্প্রতিক বোমা বিস্ফোরন নিয়ে ফেসবুকে বির্তকিত ও সাম্প্রদায়িক সংবেদনশীল মন্তব্য করার অভিযোগে হাইলাকান্দি জেলার লালা থানার পুলিশ আজ এক যুবককে গ্রেপ্তার করেছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে গ্রেপ্তার করা যুবক লালা থানার অর্ন্তগত রংপুর গ্রামের বাসিন্দা ফরিদ উদ্দিন লস্কর বলে শণাক্ত করা হয়েছে । আসাম পুলিশের সাইবার সেল তার পোষ্টটি পর্য্যবেক্ষন করে বিষয়টিকে সংবেদনশীল হিসেবে চিহ্নিত করেছে । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে ফরিদের বিরুদ্ধে সমাজে বিভেদ সৃষ্টি এবং ফেসবুকে ভ্রান্ত তথ্য প্রচারের অভিযোগ এনে মামলা দায়ের করা হয়েছে । উল্লেখ্য ফরিদ উদ্দিন লস্কর রংপুর এলাকায় একটি দোকানে কর্মচারী হিসেবে কাজ করছিল ।

---